# Times Today BD

কাওসার আহমেদ | ক্যাম্পাস | 10 April, 2025

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) সময়মতো কর্মস্থলে না আসা এবং আগেভাগে কর্মস্থল ত্যাগ করা কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে কড়া বার্তা দিয়েছে প্রশাসন।

বিষয়টিকে 'চাকরি শৃঙ্খলার পরিপন্থী ও শাস্তিযোগ্য অপরাধ' হিসেবে উল্লেখ করে মঙ্গলবার (১০ এপ্রিল)বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার সাক্ষরিত এক অফিস আদেশে এ নির্দেশনা দেওয়া হয়।

সম্প্রতি বিভিন্ন বিভাগ ও দপ্তর পরিদর্শনকালে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দেখতে পান, অনেক কর্মকর্তা ও কর্মচারী যথাসময়ে কর্মস্থলে উপস্থিত হন না।কেউ কেউ আবার অফিস সময় শেষ হওয়ার আগেই চলে যান।এতে করে একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম ব্যাহত হচ্ছে বলে জানায় কর্তৃপক্ষ।

আদেশে বলা হয়, সংশ্লিষ্ট সবাইকে যথাসময়ে কর্মস্থলে উপস্থিত হয়ে দায়িত্ব পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।আদেশ অমান্য করলে নিয়ম অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে বলেও জানানো হয়।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 16:42

URL: https://www.timestodaybd.com/campus/558223586